

🗏 আল-মুমিনুন | Al-Mu'minun | ٱلْمُؤْمِنُون

আয়াতঃ ২৩:88

💵 আরবি মূল আয়াত:

ثُمَّ اَرسَلنَا رُسُلنَا تَترَا ا كُلَّمَا جَآءَ أُمَّةً رَّسُولُهَا كَذَّبُوهُ فَاتبَعنَا بَعضَهُم بَعضًا قَ جَعَلنٰهُم اَحَادِيثَ فَبُعدًا لِّقَومٍ لَّا يُؤمِنُونَ ﴿٢٢﴾

এরপর আমি আমাদের রাসূলদেরকে ধারাবাহিকভাবে প্রেরণ করেছি, যখনই কোন জাতির কাছে তাদের রাসূল আসত, তখনই তারা তাকে অস্বীকার করত। অতঃপর আমি এদের এককে অপরের অনুসরণে ধ্বংস করে দিয়েছি এবং তাদেরকে কাহিনীতে পরিণত করেছি। সূতরাং ধ্বংস হোক সে কওম যারা ঈমান আনে না। — আল-বায়ান এরপর একাদিক্রমে আমি আমার রসূলদেরকে পাঠিয়েছি। যখনই কোন জাতির কাছে তাদের রসূল এসেছে, তারা তাকে মিথ্যে বলে প্রত্যাখ্যান করেছে, অতঃপর শাস্তি প্রাপ্তির ব্যাপারে তারা একে অন্যের অনুসরণ করেছে, অতঃপর তাদেরকে কাহিনী বানিয়ে দিলাম। কাজেই যে জাতি ঈমান আনে না তারা ধ্বংস হোক! — তাইসিরুল অতঃপর আমি একের পর এক আমার রাসূল প্রেরণ করেছি। যখনই কোন জাতির নিকট তাদের রাসূল এসেছে তখনই তারা তাকে মিথ্যাবাদী বলেছে। অতঃপর আমি তাদের একের পর এককে ধ্বংস করলাম; আমি তাদেরকে কাহিনীর বিষয় করেছি; সুতরাং ধ্বংস হোক অবিশ্বাসীরা! — মুজিবুর রহমান

Then We sent Our messengers in succession. Every time there came to a nation its messenger, they denied him, so We made them follow one another [to destruction], and We made them narrations. So away with a people who do not believe. — Sahih International

88. এরপর আমরা একের পর এক আমাদের রাসূলগণকে প্রেরণ করেছি। যখনই কোন জাতির কাছে তার রাসূল এসেছেন তখনই তারা তার প্রতি মিথ্যারোপ করেছে। অতঃপর আমরা তাদের একের পর এককে ধ্বংস করে তাদেরকে কাহিনীর বিষয় করে দিয়েছি। কাজেই যারা ঈমান আনে না সে সমস্ত সম্প্রদায়ের জন্য ধ্বংসই রইল!

তাফসীরে জাকারিয়া

(৪৪) অতঃপর আমি একের পর এক[1] আমার রসূলগণকে প্রেরণ করলাম; যখনই কোন জাতির নিকট



তার রসূল এল, তখনই তারা তাকে মিথ্যাবাদী বলল; অতঃপর আমি তাদের একের পর এককে ধ্বংস করলাম[2] এবং আমি তাদেরকে কাহিনীতে[3] পরিণত করলাম; সুতরাং ধ্বংস হোক অবিশ্বাসীরা।

- [1] এর অর্থ একের পর এক, পর্যায়ক্রমে, ক্রমাগত ইত্যাদি।
- [2] অর্থাৎ, যেমন একের পর এক রাসুল এসেছেন, তেমনি রাসুলদের মিথ্যাজ্ঞান করার জন্য একের পর এক ঐ সকল জাতি আযাব ভোগ করে পৃথিবী হতে নিশ্চিহ্ন হয়ে গেছে।
- [3] যেমন عَجُوبة শৈন্টি عَجُوبة এর বহুবচন। যার অর্থ কাহিনী ও গল্প।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2717

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন